# মডেল প্রশ্ন-৫

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট | বিষয় : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা | পূর্ণমান-১০০

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১×৪০=৪০

১। দশ অবতারের মধ্যে শ্রীকৃষ্ণের উল্লেখ না থাকার কারণ হলো–
ক. শ্রীকৃষ্ণ নিজেই ভগবান বলে খ. দুষ্কৃতকারীদের বিনাশ করেন বলে
গ. জগতের মঙ্গল করেন বলে ঘ. ঈশ্বরের করুণা কামনা করেন বলে

২। নি .াকার উপাসনায় ভক্ত নিজের অন্তরে কাকে অনুভব করেন?
ক. ভগবানকে খ. প্রভুকে গ. ঈশ্বরকে ঘ. মহামায়াকে

৩। 'ক' সৎ পথে চলতে চায়। আর এর জন্য প্রয়োজন–
ক. বিশ্রাম করা খ. উপাসনা করা গ. খেলাধুলা করা ঘ. বেড়াতে যাওয়া

৪। রাজীব পাল বলল, রাষ্ট্রপরিচালনার জন্য পরমতসহিষ্ণুতা প্রয়োজন। এর কারণ–
ক. এর অন্যথা হলে সমাজে অশান্তির সৃষ্টি হয়
খ. একে অন্যের প্রতি সহযোগিতার জন্য
গ. সঠিক উপায়ে রাষ্ট্র পরিচালনার জন্য
ঘ. ধর্ম অনুসারে রাষ্ট্র পরিচালনার জন্য

৫। ভীমের কথা বলতে কে নিষেধ করেছিলেন?
ক. যুধিষ্ঠির খ. মাদ্রী
গ. কুন্তী ঘ. ব্রাহ্মণ

http://teachingbd.com

৬। নিলয় টিভিতে দেখল, বনে একজনের খাবারের জন্য প্রতিদিন একজন মানুষ, দুটি মহিষ এবং অনেক ভাত লাগে। নিচের কার সাথে মিল আছে?
ক. রাক্ষসের খ. ব্রাহ্মণের গ. কুন্তির ঘ. ভীমের

৭। যোগব্যায়াম করলে মানুষ–
ক. ক্লান্ত হয় খ. দুর্বল হয় গ. স্বাস্থ্যবান হয় ঘ. মোটা হয়

৮। মুনি-ঋষিরা কী উদ্ভাবন করেছিলেন?
ক. যোগসাধনা পদ্ধতি খ. আলপনার পদ্ধতি
গ. পূজার পদ্ধতি ঘ. বিদ্যা অর্জনের পদ্ধতি

৯। সিমন্তী একটি জায়গায় গেল যেখানে রোগব্যাধি, জরা, শোক কিছুই নেই। নিচের কোন জায়গার সাথে মিল রয়েছে?
ক. স্বর্গ খ. পৃথিবী গ. নরক ঘ. বাসস্থান

১০। বেদের যে অংশে মন্ত্রের ব্যাখ্যা করা হয়েছে তাকে কী বলে?
ক. ব্রাহ্মণ খ. উপনিষদ গ. আরণ্যক ঘ. সংহিতা

১১। জীবের মধ্যে অবস্থানকারী ঈশ্বরকে কী বলে?
ক. আত্মা খ. পরমাত্মা গ. বিবেক ঘ. মন

১২। আমরা কার স্তব-স্তুতি করি?
ক. ঋষির খ. দেবীর গ. ঈশ্বরের ঘ. গণেশের

১৩। ব্রাহ্মণ কীভাবে সময় কাটাতেন?
ক. ভ্রমণ করে খ. গবেষণা করে গ. কৃষিকাজ করে ঘ. ধর্মসাধনা ও বিদ্যাচর্চায়

১৪। 'ক' এ উপমহাদেশের একটি পবিত্র স্থান। 'ক' নির্দেশ করে–
ক. কুরুক্ষেত্রে খ. ধর্মক্ষেত্র গ. রণক্ষেত্র ঘ. যুদ্ধক্ষেত্র

১৫। অনন্ত মানে কী?
ক. যার শুরু আছে খ. যার শেষ আছে গ. যার শেষ নেই ঘ. যার তুলনা নেই

১৬। কাকে ব্রহ্মজ্ঞানে সেবা করা আমাদের কর্তব্য?
ক. ঈশ্বরকে খ. গুরুকে গ. দেবতাকে ঘ. জীবকে

১৭। কোথা থেকে রাবণ সীতাকে হরণ করেন?
ক. গৃহ থেকে খ. মন্দির থেকে গ. পাঠশালা থেকে ঘ. বন থেকে

১৮। দ্বাপর যুগে শ্রীবিষ্ণু কীভাবে অবতীর্ণ হন?
ক. ব্রহ্মারূপে খ. আত্মারূপে গ. ঋষিরূপে ঘ. বলরামরূপে

১৯। 'সাকার' অর্থ কী?
ক. যার আকার আছে খ. যার আকার নেই
গ. যার শক্তি আছে ঘ. যার শক্তি নেই

২০। উপাসনার সময় আমরা কার প্রশংসা করি?
ক. মাতাপিতার খ. গুরুজনের গ. দেবতার ঘ. ঈশ্বরের

২১। কীসের সময় মনে দীনতার ভাব থাকতে হবে?
ক. স্নানের সময় খ. ধ্যানের সময় গ. পূজার সময় ঘ. প্রার্থনার সময়

২২। টুম্পার পরিবারের সবাই একসাথে বসে উপাসনা করে। টুম্পার পরিবারের উপাসনাকে বলা হয়–
ক. একক উপাসনা খ. সমবেত উপাসনা
গ. যৌথ উপাসনা ঘ. নিরাকার উপাসনা

২৩। 'হিন্দু' শব্দের উৎপত্তি কাদের দ্বারা?
ক. ইংরেজদের খ. পারসিকদের গ. বাঙালিদের ঘ. ভারতীয়দের

২৪। 'সনাতন' শব্দের অর্থ কী?
ক. ক্ষণস্থায়ী খ. দীর্ঘস্থায়ী গ. ভঙ্গুর ঘ. চিরস্থায়ী

২৫। ব্রহ্ম কীরূপে সকল জীবের মধ্যে বিরাজমান?
ক. নিজেররূপে খ. আত্মারূপে গ. কর্তারূপে ঘ. মানবরূপে

২৬। দুপুরের কাজ খাওয়া ও বিশ্রামকে তুমি কোন ধর্ম হিসেবে শনাক্ত করবে?
ক. প্রাতঃকৃত্য খ. পূর্বাহ্নকৃত্য গ. মধ্যাহ্নকৃত ঘ. অপরাহ্নকৃত্য

২৭। ধর্মগ্রন্থে কী থাকে?
ক. ধর্মের কথা খ. মর্মকথা গ. ইতিকথা ঘ. আদিকথা

২৮। ধ্রুব বনে গিয়েছিল কেন?
ক. কাঠ কাটতে খ. পশু শিকার করতে গ. ধ্যান করতে ঘ. হরিনামকে খুঁজতে

২৯। মূল পুরাণ কয়খানা?
ক. ১৬ খানা খ. ১৭ খানা গ. ১৮ খানা ঘ. ১৯ খানা

৩০। স্বামী প্রণবানন্দ কোন জেলায় জন্মগ্রহণ করেন?
ক. মাদারীপুর খ. শরীয়তপুর গ. ফরিদপুর ঘ. গাজীপুর

৩১। বিনোদ বন্ধুদের নিয়ে কীর্তন দল গঠন করেন কেন?
ক. কীর্তন পছন্দ করতেন বলে খ. আনন্দ করার জন্য
গ. অর্থলাভের জন্য ঘ. ধর্মচর্চার জন্য

৩২। হিন্দুরা সৃষ্টিকর্তাকে কী বলে?
ক. আল্লাহ খ. ঈশ্বর গ. রব ঘ. গড

৩৩। মানুষে মানুষে কোনো পার্থক্য করা উচিত নয় কেন?
ক. একই ঈশ্বরের সৃষ্টি বলে খ. সবাই মানুষ বলে
গ. সবার মনুষ্যত্ব এক বলে ঘ. সবাই মুখে কথা বলার কারণে

৩৪। সকল ধর্মের মানুষ একে অপরের কী?
ক. শত্রু খ. সততা গ. নিষ্ঠা ঘ. সম্প্রীতি

৩৫। আমরা ছোটদের কী করি?
ক. ধমক দেই খ. শাসন করি গ. আদর করি ঘ. প্রণাম করি

৩৬। কে স্বয়ং ভগবান?
ক. রাবণ খ. গনেশ গ. শ্রীকৃষ্ণ ঘ. বিষ্ণু

৩৭। মানুষের মন জয় করা যায় কীভাবে?
ক. কথার দ্বারা খ. অর্থের দ্বারা
গ. জ্ঞানার্জনের দ্বারা ঘ. শিষ্টাচারের দ্বারা

৩৮। কোন ব্যক্তি সকলের শ্রদ্ধা পান?
ক. বিদ্যান খ. ধার্মিক গ. অহিংস ঘ. হিংসুক

৩৯। কৌরবেরা কোন ধরনের ছিল?
ক. শান্ত প্রকৃতির খ. ভদ্র প্রকৃতির
গ. দুষ্ট প্রকৃতির ঘ. কুপ্রকৃতির

৪০। কার আশীর্বাদে বিশ্বামিত্র ব্রহ্মর্ষি হয়েছিলেন?
ক. কামধেনুর খ. কৌরবের গ. বশিষ্ঠের ঘ. কুন্তীর

২। শূন্যস্থানের প্রযোজ্য শব্দ বা শব্দসমূহ উত্তরপত্রে লেখ : ১×১০=১০

ক. ব্রাহ্মণ ——— আদর্শ স্থাপন করেছিলেন।
খ. ঈশ্বর সকল ——— মধ্যে আছেন।
গ. জীবের ——— করলে ঈশ্বরের সেবা করা হয়।
ঘ. ব্রহ্মা ——— করেন।
ঙ. নিয়মিত উপসনা করা আমাদের ———।
চ. হিন্দুধর্ম পৃথিবীর ——— ধর্ম।
ছ. ঈশ্বর এ বিশ্বের ——— কর্তা।
জ. হিন্দুধর্মকে কেন্দ্র করে উন্নত ——— প্রসার ঘটেছে।
ঝ মানুষের মধ্যে ——— ঈশ্বর বিরাজ করেন।
ঞ. বর্তমান সংস্কৃতি ——— আলোকে সাজানো।

৩। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ : ১×১০=১০

ক. আত্মা বলতে কী বোঝ?
খ. ব্রহ্ম কাকে বলে?
গ. সাকার উপাসনা কাকে বলে?
ঘ. উপাসনা কাকে বলে?
ঙ. উত্তানপাদের কয়জন স্ত্রী ছিলেন? তাঁদের নাম লেখ।
চ. চার্চের কর্তৃপক্ষের সঙ্গে মার্গারেটের বিরোধ বাধে কেন?
ছ. দেশপ্রেম বলতে কী বোঝায়?
জ. সাধু-সন্ন্যাসীদের আশ্রমকে কেন্দ্র করে কী গড়ে উঠেছে?
ঝ. শুক্লা পূর্ণিমাতে রাধাকৃষ্ণের প্রতিমা দোলায় রেখে কী করা হয়?
ঞ. প্রতিবার অভ্যাসের পর কত সেকেন্ড শবাসন করতে হয়?

৪। ক, খ, গ ও ঘ নং সহ যেকোনো ৮টি প্রশ্নের উত্তর লেখ : ৫×৮=৪০

ক. "যত মত, তত পথ"।– কথাটি ব্যাখ্যা কর।
খ. সাধী শিবমহিম্নস্তোত্র সম্পর্কে অবগত হয়ে যে শ্লোকটি উল্লেখ করে তা ব্যাখ্যা কর।
গ. শিকাগোতে বিবেকানন্দ হিন্দুধর্ম সম্পর্কে যা বলেছিলেন তা তোমার পাঠ্যপুস্তক অনুসারে নিজের ভাষায় লেখ।
ঘ. পৌরাণিক যুগের হিন্দুধর্ম সম্পর্কে বর্ণনা কর।
ঙ. স্বাধীনতা রক্ষার জন্য মৃত্যু, সে তো বীরের মৃত্যু।– ব্যাখ্যা কর।
চ. "ধর্মসংগীতের মধ্য দিয়ে শিল্পচর্চার ঐতিহ্য প্রকাশ পেয়েছে।"– কীভাবে? সংক্ষেপে লেখ।
ছ. চৈত্রসংক্রান্তির অনুষ্ঠান কেবল ধর্মীয় অনুষ্ঠান নয়, তা সকলের এক মিলন মেলা।"– কীভাবে? বুঝিয়ে দাও।
জ. পরমতসহিষ্ণুতার গুরুত্ব ব্যাখ্যা কর।
ঝ. শ্রীমদ্‌ভগবদ্‌গীতার অবতার সম্পর্কিত শ্লোকটি সরলার্থসহ লেখ।
ঞ. চার বেদের সংক্ষিপ্ত বর্ণনা দাও।

## উত্তরমালা

১। ১। ক; ২। গ; ৩। খ; ৪। ক; ৫। গ; ৬। ক; ৭। গ; ৮। ক; ৯। ক; ১০। ক; ১১। ক; ১২। গ; ১৩। ঘ; ১৪। ক; ১৫। গ; ১৬। ঘ; ১৭। ঘ; ১৮। ঘ; ১৯। ক; ২০। ঘ; ২১। ঘ; ২২। খ; ২৩। খ; ২৪। ঘ; ২৫। খ; ২৬। গ; ২৭। ক; ২৮। ঘ; ২৯। গ; ৩০। ক; ৩১। ক; ৩২। খ; ৩৩। ক; ৩৪। ঘ; ৩৫। গ; ৩৬। গ; ৩৭। ঘ; ৩৮। গ; ৩৯। গ; ৪০। গ.।

২। (ক) জীবসেবার; (খ) জীবের; (গ) সেবা; (ঘ) সৃষ্টি; (ঙ) কর্তব্য; (চ) প্রাচীন; (ছ) সর্বময়; (জ) সংস্কৃতির; (ঝ) আত্মারূপে; (ঞ) ঐতিহ্যের।

৩। (ক) অধ্যায়-এক (ঘ)-১ উত্তর দেখ।

http://teachingbd.com